গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
# ফেনী সরকারি কলেজ,ফেনী
স্থাপিত: ১৯২২
ডাকঘর-ফেনী,উপজেলা-ফেনী,জেলা-ফেনী
Website: www.fgc.gov.bd
Email:fenigovcollege@yahoo.com

তারিখ : ২৩/১১/২০২৫ খ্রি.

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)

**আবেদনের তারিখ: ২৩ নভেম্বর ২০২৫ তারিখ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ পর্যন্ত**
**(ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র তালিকা পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে)**
**আবেদনকারীকে প্রিন্ট করা স্বাক্ষরিত আবেদনপত্র ২৪/১১/২০২৫ থেকে ০৪/০১/২০২৬ খ্রি. তারিখ এর মধ্যে কলেজ অফিসে জমা দিতে হবে।**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ফেনী সরকারি কলেজে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২৩ নভেম্বর ২০২৫ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করে কলেজ নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা জমা দিতে পারবে।

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Honours অপশনে গিয়ে Honours Admission Guideline লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে। **১। প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা :**

| ক্রমিক নং | উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২২/২০২৩ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয় সহ) | ২০২৪/২০২৫ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয় সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| ০১ | মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা | ২.০০ | ২.০০ | ৪.৫ |
| ০২ | বিজ্ঞান শাখা | ২.২৫ | ২.০০ | ৪.৭৫ |

আবেদন ফি জমাদান পদ্ধতি :
Sonali Bill Payment System ক্লিক করে অথবা
https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application লগ ইন করে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম এর ভর্তি রোল ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)"এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা পেমেন্ট করতে হবে।

**পরীক্ষা পদ্ধতি :**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে শিক্ষার্থীদের SSC পরীক্ষায় প্রাপ্ত GPA এর ৪০% ও HSC পরীক্ষায় প্রাপ্ত GPA এর ৬০% যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধা তালিকা প্রস্তুত করা হবে।

**প্রবেশপত্র সংগ্রহ :**

কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (Admit Card) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে। শিক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী ক্যালকুলেটর, মোবাইল ফোন ও অন্য যে কোন ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

**১। প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা**

**মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ :**

ক) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/ব্যবসায় শিক্ষা বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে SSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা থেকে ২০২২/২০২৩ সালের এবং ২০২৪/২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) ২.০০ উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ ৪.৫

**বিজ্ঞান বিভাগ :**

খ) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে SSC (ভোকেশনাল) শাখা থেকে ২০২২/২০২৩ সালের এবং ২০২৪/২০২৫ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) ২.২৫ উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ ৪.৭৫

২। আবেদনকারীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষার পঠিত বিষয়সমূহ থেকে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি যোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে এবং উক্ত পঠিত বিষয়ে ন্যূনতম গ্রেড পয়েন্ট ২.০ থাকতে হবে।

৩। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে ইচ্ছুক হলে তাদের অবশ্যই পূর্ববর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করতে হবে।

৪।স্নাতক(সম্মান)/স্নাতক(সম্মান)প্রফেশনাল/স্নাতক(পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

**ভর্তি পরীক্ষা পদ্ধতি :**

ক) ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। MCQ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় ভুল উত্তরের জন্য কোন নম্বর কর্তন করা হবে না।

**খ) ভর্তি পরীক্ষার নম্বর বন্টন সম্পর্কিত জ্ঞাতব্য :**

| উচ্চমাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | বাংলা | ইংরেজি | সাধারণ জ্ঞান | প্রত্যেক শাখার জন্য আলাদাভাবে উচ্চমাধ্যমিক পর্যায়ের বিষয়ভিত্তিক প্রশ্ন | MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার মোট নম্বর | এস. এস.সি. /সমমান পরীক্ষায় প্রশ্ন GPA-এর 40% (৪র্থ বিষয়সহ) | এইচ.এস.সি, /সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- ৬০% এর (৪র্থ বিষয়সহ) | সর্বমোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিজ্ঞান শাখা | ২০ | ২০ | ২০ | ৪০ | | | | |
| মানবিক | ২০ | ২০ | ২০ | ৪০ | ১০০ (ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৫) | ৪০ | ৬০ | ২০০ |
| ব্যবসায় শিক্ষা শাখা | ২০ | ২০ | ২০ | ৪০ | | | | |

গ) কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Applicant Login অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (Admit Card) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে এবং শিক্ষার্থীকে উক্ত কেন্দ্রে উপস্থিত থেকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঘ) পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও HSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী ক্যালকুলেটর, মোবাইল ফোন ও অন্য যে কোন ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

৫। পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ের (যা পরে জানানো হবে) মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত কলেজ কেন্দ্রে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।

৬। মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি :

ক) বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ১০০ নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষার পাশ নম্বর হবে ৩৫।

খ) ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের সর্বমোট ২০০ (দুইশত) নম্বরের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয় পছন্দক্রম অনুসারে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করা হবে।

গ) একই প্রতিষ্ঠান/কলেজে একই বিষয়ে দুই বা ততোধিক আবেদনকারীর মেধাস্কোর এক হলে সেক্ষেত্রে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম প্রণয়ন করা হবে:

i) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যার বেশি হবে।

ii) এস.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৪০% (৪র্থ বিষয় ব্যতীত) ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA- এর ৬০% (৪র্থ বিষয় ব্যতীত) এর যোগফল যার বেশি হবে।

iii) এস.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৪০% (৪র্থ বিষয়সহ) ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ৬০টি (৪র্থ বিষয়সহ) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর যার বেশি হবে:

iv) এর পরেও যদি দু ইবা ততোধিক আবেদনকারীর মেধাক্রম এক হয়, সেক্ষেত্রে যার বয়স কম হবে তাকে অগ্রাধিকার দিয়ে মেধাক্রম প্রণয়ন করা হবে।

ঘ) এ ভর্তি কার্যক্রম পর্যায়ক্রমে ১ম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে ২য় মেধা তালিকা, কোটার মেধা তালিকা এবং ১ম ও ২য় রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে এই ভর্তি কার্যক্রমে ৩য় রিলিজ স্লিপে আবেদন করার কোন সুযোগ থাকবে না।

ঙ) মুক্তিযোদ্ধার সন্তান, ক্ষুদ্র নৃগোষ্ঠী, বিশেষ চাহিদা সম্পন্ন/ভিন্নভাবে সক্ষম ও পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক আবেদনকারীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা Select করতে হবে। উল্লেখ্য যে, পোষ্য কোটায় শুধুমাত্র জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি আবেদন করতে পারবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন আবেদনকারী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। উল্লেখ্য যে, কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসাবে বিবেচিত হবে। আবেদনকারীকে কোটার মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৭। **দ্বৈত ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য :** ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থীর পূর্ববর্তী ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল/স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তির পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে তাকে অবশ্যই পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে এ শিক্ষা কার্যক্রমে ভর্তি হতে হবে। অন্যথায় দ্বৈত ভর্তির কারণে শিক্ষার্থীর উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৮। **ভর্তি পুনঃবহাল সম্পর্কিত জ্ঞাতব্য :** ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (স্নাতক) সম্মান ভর্তি কার্যক্রম চলমান থাকা অবস্থায় (১ম মেধা তালিকা থেকে ১ম রিলিজ স্লিপ ভর্তি পর্যন্ত ) কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তা পুনঃ বহাল করার কোন সুযোগ থাকবে না। তবে ২য় রিলিজ স্লিপে ভর্তি হয়ে কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করলে কেবলমাত্র সেই শিক্ষার্থী ভর্তি পুনঃ বহালের বিধি অনুযায়ী আবেদন করতে পারবে।

**পাসপোর্ট সাইজ ছবি :**

ফরম পূরণের সময় আবেদনকারীর সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে 120×150 pixels, Image Type: jpg এবং maximum file size: 50Kb. আবেদনকারীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

** কলেজ কর্তৃক ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ এর মধ্যে নিশ্চায়ন এসএমএস না গেলে প্রশাসনিক ভবনের নিচ তলায় কম্পিউটার কক্ষ নং (১০০৬) তে যোগাযোগ করার জন্য নির্দেশ দেয়া হলো।

**প্রয়োজনে যোগাযোগ:**
জনাব ফজলুল হক পাটোয়ারী
অফিস সহকারী
মোবাইল : ০১৮১৫৯২২৬৯৯

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী
প্রফেসর মোহাম্মদ এনামুল হক খোন্দকার
অধ্যক্ষ (৯৬৭৭)
ফেনী সরকারি কলেজ, ফেনী।